

**অধ্যাপক শরফুদ্দিন
বঙ্গবন্ধু মেডিক্যাল
ভার্সিটির প্রো-ভিসি**

স্টাফ রিপোর্টার। বঙ্গবন্ধু শেখ মুজিব
মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের
প্রিন্সিপাল ও সোশ্যাল মেডিসিন
অনুষদের ডিন অধ্যাপক ডাঃ মোঃ
শরফুদ্দিন আহমেদকে প্রোভাইস
চ্যান্সেলর (প্রশাসন) পদে নিয়োগ
প্রদান করা হয়েছে। যোগদানের
তারিখ থেকে তিন বছরের জন্য তিনি
এই পদে নিয়োগ পেয়েছেন।

শরফুদ্দিন আহমেদ বাংলাদেশে
মেডিক্যাল বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠার
আন্দোলনে অগ্রণী ভূমিকা পালন
করেছেন। ১৯৯৮ সালে বঙ্গবন্ধু
শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়
প্রতিষ্ঠিত হলে তিনি
বিশ্ববিদ্যালয়ের চক্ষু বিজ্ঞান বিভাগে
সহকারী অধ্যাপক হিসেবে
যোগদান করেন এবং পরবর্তীতে
একই বিভাগের অধ্যাপক ও
চেয়ারম্যানের দায়িত্ব পালন
করেছেন। তিনি বাংলাদেশ
মেডিক্যাল এ্যাসোসিয়েশনের
নির্বাচিত সাবেক মহাসচিব এবং
বাংলাদেশ চক্ষু চিকিৎসক সমিতির
বর্তমান সভাপতি ও সাবেক
মহাসচিব। তিনি ৭ অক্টোবর ১৯৫৬
সালে গোপালগঞ্জ জেলার কাশিয়ানী
উপজেলার বায়েরহাট গ্রামের এক
সম্ভ্রান্ত মুসলিম পরিবারে জন্মগ্রহণ
করেন।